**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কম কার্বনের হিটিং সিস্টেমের উন্নতির জন্য বাছাই করা এম্পায়ার টেকনোলজি প্রাইজের বিজয়ী ঘোষণা করলেন

***Miller Proctor Nickolas, Inc. ভোক্তার এনার্জি এবং খরচ বাঁচানোর জন্য হিট পাম্প সমাধান অগ্রসর করতে 1 মিলিয়ন মার্কিন ডলার পাবে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেটের (New York State) উঁচু বাণিজ্যিক এবং একাধিক পরিবারের ভবনগুলিতে কম কার্বনের হিটিং সিস্টেমের রেট্রোফিট করা এবং এনার্জি ও খরচ বাঁচানোর জন্য ভবনের টেকনোলজি অগ্রসর করতে এম্পায়ার টেকনোলজি প্রাইজ প্রতিযোগিতার বিজয়ী হিসেবে বাছাইকৃতদের নাম ঘোষণা করেছেন। Miller Proctor Nickolas, Inc. (MPN)-কে 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম পুরস্কারের জন্য বাছাই করা হয়েছে কারণ তারা এনার্জি এফিশিয়েন্ট এবং নিউ ইয়র্ক স্টেটের এনার্জি ট্রানজিশনের অংশ হিসেবে ভোক্তার এনার্জি বাঁচাতে বাস্তবায়ন করা যাবে এমন একই সমাধান হিসেবে স্টিম এবং বেশি তাপমাত্রার গরম পানির হিট পাম্প তৈরি ও কাজে লাগানোতে উল্লেখযোগ্য অগ্রগতি দেখাতে পেরেছে।

"নিউ ইয়র্ক স্টেট এমন আধুনিক, এনার্জি এফিশিয়েন্ট সমাধানে বিনিয়োগ করছে যা এনার্জির খরচ সামাল দিতে এবং ইলেকট্রিক গ্রিডের চাহিদা কমাতে সাহায্য করবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকে সবার আগে ও সবার কেন্দ্রে রাখবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নতুন ও নতুন ধরণের টেকনোলজি অগ্রসর করার ভিশন ও নিবেদন আছে যা আমাদের পুরোনো ভবনের মজুদে আধুনিক সুযোগসুবিধা যোগ করতে সাহায্য করবে এবং পুরো স্টেটের বাসিন্দাদের জীবনযাপনের মান উন্নত করবে।"

এম্পায়ার টেকনোলজি প্রাইজ (Empire Technology Prize) প্রতিযোগিতাকে সমর্থন করছে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) Innovation and Research প্রোগ্রাম এবং এর পরিচালনা করছে The Clean Fight। নিউ ইয়র্ক সিটির (New York City) একটি অনুষ্ঠানে প্রথম পুরস্কারের বিজয়ীর নাম ঘোষণা করা হয় এবং একই সাথে Ambient Enterprises, Flow Environmental Systems, এবং Gil-Bar Industries-এর দলকে 100,000 মার্কিন ডলারের দ্বিতীয় পুরস্কারের বিজয়ী ঘোষণা করা হয়। এছাড়াও, Johnson Controls একটি সান্ত্বনা পুরস্কার পেয়েছে এবং সকল ফাইনালিস্ট ভবনে এমন টেকনোলজি অগ্রসর করার

সমাধান উপস্থাপন করেছে যা পুরো নিউ ইয়র্ক স্টেটের বিদ্যমান বাণিজ্যিক ও একাধিক পরিবারের ভবনের কয়েক বিলিয়ন বর্গফুটের প্রতিনিধিত্ব করে।

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথোরিটির প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন,** "Miller Proctor Nickolas এবং Ambient Enterprises, Flow Environmental Systems, এবং Gil-Bar Industries-এর দলকে অভিনন্দন, নিউ ইয়র্কে অনেক ধরণের উঁচু ভবনের রেট্রোফিটিংয়ের কাজকে আরো সহজ ও আরো দক্ষ করতে তাদের কাজের জন্য। মার্কেটের জন্য স্কেল করা হলে এই টেকনোলজিগুলি আরো সাশ্রয়ী হিটিং এবং কুলিং সমাধানের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের এনার্জি সাশ্রয় করতে পারবে।"

Miller Proctor Nickolas, Inc.-কে প্রথম পুরস্কারের বিজয়ী হিসেবে বাছাই করা হয়েছে অলিয়ন্স চিলহিট টেকনোলজি (Oilon's ChillHeat Technology) বাস্তবায়ন করার জন্য, এটি এমন একটি সমাধান যা উঁচু ভবনে ব্যবহারের জন্য বেশি তাপমাত্রার পানি এবং বাষ্প এক সাথে তৈরি করে। তাদের সমাধান ম্যানহাটনের (Manhattan) তিনটি স্থানে ইন্সটল করা হবে, যেগুলি হলো Fifth Avenue-এ একটি আপার ইস্ট সাইড (Upper East Side) আবাসিক ভবন, একটি আপার ইস্ট সাইডের কন্ডোমিনিয়ামসহ মিক্সড ইউজ ভবন, এবং Park Avenue-এ একটি মিডটাউন (Midtown) হেলথ ও ফিটনেস ক্লাব।

Ambient Enterprises, Flow Environmental Systems এবং Gil-Bar Industries-এর দলকে দ্বিতীয় পুরস্কারের জন্য বাছাই করা হয় বাতাস বা পানি উৎসের তাপ এবং কার্বন ডাই অক্সাইডের প্রাকৃতিক রেফ্রিজারেন্ট ব্যবহার করে বেশি তাপমাত্রৰ গরম পানির হিট পাম্প বাণিজ্যিক করার জন্য এই টেকনোলজিটি ম্যানহাটনে আপার ইস্ট সাইডে, Union Theological Seminary-তে ইনস্টল করা হবে, যা একটি মুখ্য ঐতিহাসিক ভবন, এটি হবে নি ইয়র্কে প্রথম কার্বন ডাই অক্সাইড বেশি তাপমাত্রার গরম পানির হিট পাম্প ডিপ্লয়মেন্ট।

প্রতিযোগিতার পুরো সময়ে, পণ্যের উৎপাদন এবং নিউ ইয়র্ক স্টেটের অনেক ধরণের ভবনে প্রজেক্টের প্রদর্শনীর জন্য 8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হয়েছে। সাতটি প্রদর্শনী প্রজেক্টের জন্য 4.1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হয়েছে, এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের (Climate Justice Working Group) সংজ্ঞা অনুযায়ী _ সুবিধাবঞ্চিত কমিউনিটিতে অবস্থিত দুইটি প্রজেক্টকে এর 35 শতাংশ দেওয়া হয়েছে।

প্রদর্শনী প্রজেক্টের মধ্যে আছে:

- AtmosZero - 500,000 মিলিয়ন মার্কিন ডলার, মিডটাউন ম্যানহাটনের একটি বড় হোটেলে পানি বা বাতাসের উৎসের তাপ ব্যবহার করে একটি স্টিম হিট পাম্পের জন্য।
- Clean Heat Technologies - 400,000 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, হার্লেমে (Harlem) একটি সাশ্রয়ী হাউজিং বিল্ডিংয়ে পানির উৎসের তাপ ব্যবহার করে একটি স্টিম হিট পাম্পের জন্য।

- Hydronic Shell - 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, সিরাকিউজে (Syracuse) একটি সাশ্রয়ী হাউজিং অথোরিটি বিল্ডিংয়ের জন্য একটি বিতরণ সমাধানের জন্য।
- MPN - 965,000 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, ম্যানহাটনের তিনটি ভবনে পানি উৎসের তাপ ব্যবহার করে স্টিম এবং বেশি তাপমাত্রার গরম পানির হিট পাম্পের জন্য।
- Ambient Enterprises, Flow Environmental Systems, এবং Gil-Bar Industries-এর দল - 1.2 মিলিয়ন মার্কিন ডলার, ম্যানহাটনের একটি ভবনের জন্য বাতাস বা পানি উৎসের তাপ ব্যবহার করে স্টিম এবং বেশি তাপমাত্রার গরম পানির হিট পাম্পের জন্য।

**নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) CEO Rory Christian (ররি ক্রিস্টিয়ান) বলেন,** "পুরস্কার বিজয়ীদের অভিনন্দন যারা ভবনকে আরো এনার্জি এফিশিয়েন্ট করার জন্য সেগুলির রেট্রোফিট করতে দারুন চেষ্টা করছে। এই ধরণের টেকনোলজি হিটিং এবং কুলিংকে আরো সাশ্রয়ী করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

**The Clean Fight-এর ম্যানেজিং ডিরেক্টর Kate Frucher (কেট ফ্রুটর বলেন)** "ফাইনালিস্টরা যে দারুন অগ্রগতি করেছে তা নিয়ে আমরা অনেক খুশি। এই সমাধানগুলি এক বছর আগেও বাজারে ছিলো না, এবং শুধু যে টেকনোলজির ক্ষেত্রে দারুন দারুন অগ্রগতি হয়েছে তা নয়, বরং নিউ ইয়র্ক স্টেটে সাতটি সক্রিয় প্রদর্শনী প্রজেক্ট হচ্ছে। ফাইনালিস্টরা আমাদের আশার থেকে বেশি কাজ করেছে এবং তাদের অগ্রগতি এইসব অতি গুরুত্বপূর্ণ আবিষ্কার বিকাশের ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতিকে তুলে ধরে। এছাড়াও এটি হলো আরো সহজে বাস্তবায়ন করার সমাধানের প্রতি বাজারের চাহিদার প্রমাণ যা নিউ ইয়র্কের উঁচু ভবনগুলিকে আমরা কীভাবে গরম করি তা আধুনিক করছে এবং সকলের জন্য আরো সাস্টেনেবল এবং স্থিতিশীল ভবিষ্যৎ বাস্তব করছে।"

**Wells Fargo-এর সাস্টেনেবিলিটির প্রধান Jeff Schub (জেফ স্ক্রাব) বলেন,** "এম্পায়ার টেকনোলজি প্রাইজের জন্য Wells Fargo-এর স্পন্সরশিপ আমাদের ক্লায়েন্ট, কাস্টোমার এবং কমিউনিটিকে সমর্থন করতে আমাদের চলমান চেষ্টার সাথে মিলে যায় যেহেতু তারা তাদের নিজস্ব সাস্টেনেবিলিটি এবং স্থিতিশীলতা লক্ষ্য অর্জনে কাজ করছে। আমরা আজকে ঘোষিত পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানাচ্ছি এবং ভবন এবং আমাদের কমিউনিটিগুলিকে বাস করা ও কাজ করার আরো ভাসলো স্থান করতে নতুন আবিষ্কার এবং সহযোগিতাকে উদযাপন করছি।"

**Rocky Mountain Institute (RMI)-এর ম্যানেজিং ডিরেক্টর Sukanya Chandrasekar Paciorek (সুকন্যা চন্দ্রশেখর প্যাসিওরেক) বলেন,** "এম্পায়ার টেকনোলজি প্রাইজ এমন বাস্তব সমাধান এনেছে যা মালিকদের কার্বন কমানোর এবং একই সাথে ভবনকে মসৃণভাবে পরিচালনা করার ব্যবহারিক সমাধান দেয়। ফাইনালিস্টরা এখন নতুন পদ্ধতির পাইলট করবে, যেমন এমন হিটিং ব্যবস্থা যা বড় নির্মাণ ছাড়াও ইলেক্ট্রিফাই করা যাবে, এবং ওয়াল প্যানেলের রেট্রোফিট করা যা ভাড়াটিয়াদের সামান্য বিরক্ত করেই বসানো যাবে। তাদের অগ্রগতি আরো পরিচ্ছন্ন, আরো স্থিতিশীল ভবনের জন্য দৃঢ় চাহিদা এবং বাড়তে থাকা গতিবেগ তুলে ধরে।"

**স্টেটের সিনেটর Kevin Parker (কেভিন পার্কার) বলেন,** "এম্পায়ার টেকনোলজি প্রাইজের মাধ্যমে তোলা 1 মিলিয়ন মার্কিন ডলার শুধু একটি পুরস্কার না, এটি হলো আমাদের ক্লিন এনার্জির ভবিষ্যতে বিনিয়োগ। এইসব রিসোর্স দিয়ে, ইনোভেটররা কম কার্বনের হিটিং ব্যবস্থা অগ্রসর করতে পারবে যা এমিশন কম করবে, পরিবারের জন্য এনার্জির খরচ কম করবে, আমাদের সবথেকে উঁচু বাণিজ্যিক এবং একাধিক পরিবারের ভবনের জন্য সাস্টেনেবল সমাধান তৈরি করবে। সিনেট এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশন্সের কমিটির (Senate Energy and Telecommunications Committee) চেয়ার হিসেবে আমি নিশ্চিত করতে কাজ করেছি যাতে এই তহবিলগুলি এমন ইনোভেটর এবং প্রজেক্টের কাছে যায় যারা নিউ ইয়র্কবাসীদের জন্য সবথেকে বেশি প্রভাব ফেলবে, আমাদেরকে আরো সাশ্রয়ী, স্থিতিশীল, এবং ক্লাইমেট বান্ধব স্টেট গঠন করতে সাহায্য করবে।"

2024 সালের জুলাই মাসে গভর্নর Hochul (হোকল) এম্পায়ার টেকনোলজি প্রাইজের জন্য ফাইনালিস্টদের নাম ঘোষণা করেন, যাদের প্রত্যেকে 250,000 মার্কিন ডলার করে পেয়েছে এবং তাদের সমাধানের মাইলফলককে পৌঁছে যাওয়ার মাধ্যমে তাদের কাছে আরো 750,000 মার্কিন ডলার পাওয়ার সুযোগ ছিলো। নিউ ইয়র্কের বাজারে যোগ্য উঁচু ভবনে পাইলট প্রোগ্রাম বা প্রদর্শনী প্রজেক্টের মতো সমাধান ইনস্টল করার খরচ বহন করতে সাহায্য করার জন্য ফাইনালিস্টদের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দেওয়া হয়েছে। নিউ ইয়র্ক স্টেটে এনার্জি ট্রানজিশনের জন্য সমাধান গ্রহণকে দ্রুত করার দিকে মনযোগী একটি ননপ্রফিট, The Clean Fight-কে 2022 সালের সেপ্টেম্বর মাসে প্রোগ্রামের অ্যাডমিন্সট্রেটর হিসেবে বাছাই করা হয় এবং প্রোগ্রামটি 2023 সালে শুরু হয়।

বাজার কেন্দ্রিক সমাধানের মাধ্যমে গ্লোবাল এনার্জি সিস্টেমকে রূপান্তরিত করার ব্যাপারে নিবেদিত একটি স্বাধীন ননপ্রফিট, Rocky Mountain Institute প্রতিযোগিতার জন্য টেকনিক্যাল সমর্থন দিচ্ছে।

Wells Fargo হলো এম্পায়ার টেকনোলজি প্রাইজের আরেকটি স্পন্সর, যেহেতু প্রতিযোগিতাটি কোম্পানির চলামান কাজের সাথে মিলে যায় যা হলো এমন নতুন ধরণের টেকনোলজি অগ্রসর করা যা অর্থনৈতিক বিকাশ, সাস্টেনেবল বাড়ির মালিকানা এবং কমিউনিটির এলাকার স্থিতিশীলতা বাড়াতে সাহায্য করে।

এম্পায়ার টেকনোলজি প্রাইজ বিদ্যমান ভবনে কার্বন-নিরপেক্ষতার অগ্রগতিতে NYSERDA-এর নেতৃত্বকে চলমান রাখে এবং স্টেটের 50 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের (Empire Building Challenge) মাধ্যমে সমর্থিত প্রজেক্টগুলি থেকে শেখা বিষয়গুলো কাজে লাগবে, যা ছিলো নিউ ইয়র্কের উঁচু ভবনগুলিতে কম কার্বনের রেট্রোফিটের জন্য নতুন নকশা পদ্ধতির উন্নতির জন্য NYSERDA এবং নেতৃস্থানীয় বাণিজ্যিক রিয়েল এস্টেট মালিকদের একটি পার্টনারশিপ।

পঞ্চাশ বছরেরও বেশি সময় ধরে, জ্বালানি পরিকল্পনা এবং নীতি বিশ্লেষণের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের পাশাপাশি নিউ ইয়র্ককে আরও দীর্ঘস্থায়ী ভবিষ্যতের দিকে পরিচালিত করে এমন বিনিয়োগ করে, NYSERDA নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিশ্বস্ত এবং বস্তুনিষ্ঠ সম্পদ হয়ে

উঠেছে। NYSERDA-এর Innovation and Research প্রোগ্রামটি সরাসরি গবেষণা বিনিয়োগ এবং বাণিজ্যিক করণের সমর্থন হিসেবে 15 বছরের বেশি সময়ে আনুমানিক 1.2 বিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। এখন পর্যন্ত 800 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ 700টির বেশি কোম্পানিকে সমর্থন করেছে এবং প্রায় 300টি পণ্য ব্যক্তি, ব্যবসা, ও ইউটিলিটির জন্য বাণিজ্যিকভাবে পৌঁছে দিয়েছে। NYSERDA এবং ইউটিলিটি প্রোগ্রামের মাধ্যমে, বিল্ডিংগুলিকে কার্বনমুক্ত করতে এবং উচ্চ-দক্ষতাসম্পন্ন সম্পূর্ণ বৈদ্যুতিক গরম এবং শীতলকরণ প্রযুক্তি সমর্থন করার জন্য 5.6 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করা হয়েছে। আজকের ঘোষণাটি ভবনকে ডিকার্বোনাইজ করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে অগ্রসর করবে, যা নিউ ইয়র্ক স্টেটে কার্বন এমিশনের সবথেকে বড় উৎসগুলির একটি।

এই উদ্যোগের জন্য তহবিল এসেছে Clean Energy Fund (CEF) থেকে এবং প্রোগ্রামের একজন কোস্পনসর, Wells Fargo-র থেকে, এবং The Clean Fight থেকে বাস্তবায়নের সমর্থন এবং RMI থেকে টেকনিক্যাল সমর্থন পাওয়া যাবে।

**নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা**

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা এমন একটি ক্লিন এনার্জি অর্থনীতিতে সাশ্রয়ী ও ন্যায্য ট্রানজিশনের আহ্বান করে যা পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করবে, সবুজ বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক বিকাশের প্রচার করে এবং বেনিফিটের কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিতে দেয়। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে নির্গমনমুক্ত অর্থনীতি অর্জনের জন্য বেশ কিছু প্রচেষ্টাকে এগিয়ে নিচ্ছে, যার মধ্যে বিদ্যুৎ, ভবন, পরিবহন ও বর্জ্য খাত অন্তর্ভুক্ত রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন